উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা - শরণখোলা, জেলা - বাগেরহাট

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, শরণখোলা, বাগেরহাট

সমন্বয়ে

এরিয়া ডেভলপমেন্ট অর্গানাইজেশন (এ্যাডো)

আগস্ট ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

মুখবন্ধ

বাংলাদেশ বিশ্বের দুর্যোগপূর্ণ দেশগুলির মধ্যে অন্যতম। সুদুর অতীতকাল থেকেই বাংলার ব-দ্বীপ অঞ্চলটির জনগণ বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগের সাথে মোকাবেলা করে আসছে। দুর্যোগগুলির মধ্যে কতগুলো ধীর কর্মক্ষমতা সম্পন্ন, পৌনঃপুনিক এবং কতগুলি রয়েছে আকস্মিক, ধ্বংস ক্রিয়ায় প্রগাঢ় ও বৈশিষ্ট্যে বিপর্যয়কারী। বহুমূখী দুর্যোগের জন্য দেশটির ভৌগলিক অবস্থান অনেকটা দায়ী। ভৌগোলিক অবস্থান, আবহাওয়া ও নদী মাতৃকার কারণে এ দেশে বন্যা, ঘূর্নিঝড়, খড়া, টর্নেডো/ কালবৈশাখী, সামুদ্রিক জলোচ্ছাস ও লবনাক্ততাসহ নানাবিধ আপদে ঝুঁকিপূর্ণ। তাছাড়া নদীমাতৃক হওয়ায় প্রতিবছর নদী ভাঙ্গন, ও বন্যার কারনে লাখ লাখ মানুষ জানমাল, বসতভিটা হারিয়ে নিঃস্ব হয়ে পড়ছে। এছাড়াও মানব সৃষ্ট নানান আপদ মানুষের জীবনকে প্রতিনিয়ত আতংকগ্র করে রাখছে। এ সবের মধ্যে বৃক্ষ ও প্যারাবন নিধন, ইটভাটার দূষণ,ক্ষতিকর রাসায়নিক সার ব্যবহার, চিংড়ি ভাইরাস প্রভৃতি আপদে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়ে থাকে। এতে করে স্থানীয় ও জাতীয় জীবন তথা অর্থনীতিতে ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলছে।

চরম দুর্যোগপ্রবণ দেশ হওয়া সত্বেও ঝুঁকি হ্রাস করার জন্য স্থায়ী কর্মসূচী গ্রহণের মাধ্যমে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমানোর দীর্ঘমেয়াদী কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। পরিকল্পনা ব্যতিরেকে শুধুমাত্র ত্রাণ ও পূনর্বাসন কর্মসূচিকে প্রাধান্য দেয়া হয়েছে।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সরকারর দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও ইউএনডিপি, ইউরোপিয়ান ইউনিয়ন, ইউকে এইড, অস্ট্রেলিয়ান এইড, সুইডেন ও নরওয়ে এ্যাম্বাসি'র আর্থিক ও কারিগরী সহায়তায় সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর মাধ্যমে দুর্যোগের ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে এক যুগান্তকারী কর্মসূচি হাতে নিয়েছে। এই কর্মসূচির আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে এ কর্মসূচীর প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসে সূদুরপ্রসারী অবদান রাখবে বলে মনে করা হয়। এরই ধারাবাহিকতায় বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা এরিয়া ডেভলপমেন্ট অর্গানাইজেশন (এ্যাডো) কে বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে এ্যাডো এর কর্মীদের নিষ্ঠা ও অক্লান্ত পরিশ্রম এবং উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি পরিকল্পনা প্রণয়নে যথার্থ অবদান রেখেছে। ফলে উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি বাস্তবসম্মত পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে। এই পরিকল্পনায় দুর্যোগ ঝুঁকি হ্রাসকল্পে দুর্যোগ পূর্ব প্রস্তুতি, আপদ/দুর্যোগ কালীন, দুর্যোগ পরবর্তী, ও স্বাভাবিক সময়ে ঝুঁকিহ্রাস কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা বাস্তবায়নের মাধ্যমে জনগণের জীবন-জীবিকার নিশ্চয়তা ও সহায় সম্পত্তির ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব হবে।

আমি "উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা" প্রণয়নের সহায়তা করার জন্য এর সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

.....

উপজেলা চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
শরণখোলা উপজেলা, বাগেরহাট।

বাণী

ভৌগলিক অবস্থান, ভূ- প্রকৃতিগত বৈশিষ্ট্য এবং জনসংখ্যার ঘনবসতির কারণে বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে পৃথিবীর অন্যতম দুর্যোগপ্রবণ একটি দেশ। প্রতিনিয়ত এই দুর্যোগ বহু মানুষের প্রাণহানি সহ জীবন ও জীবিকা, পরিবেশ এবং অর্থনৈতিক ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। ঘূর্নিঝড়, বন্যা, খরা, জলাবদ্ধতা, নদীভাঙ্গন ও সমুদ্রের পানির লবণাক্ততা বৃদ্ধি ইত্যাদি কারণে মানুষের জীবন ও জীবিকা হুমকির মুখে পতিত হচ্ছে। সাথেসাথে জলবায়ু পরিবর্তনের প্রভাব দেশে দুর্যোগ ঝুঁকির মাত্রাকে আরো বাড়িয়ে দিচ্ছে। এতে করে আমাদের স্থানীয় ও জাতীয় উন্নয়ন ব্যাহত হচ্ছে।

সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত বিপদাপন্নতার কারণে বাংলাদেশের দক্ষিন-পশ্চিম অঞ্চলের জেলাগুলো দুযোর্গে বেশি ক্ষতিগ্রস্থ হচ্ছে। এ জেলাগুলোর মধ্যে বাগেরহাট জেলা এবং এই জেলার শরণখোলা উপজেলা অত্যন্ত ঝুঁকিপ্রবণ এলাকা হিসাবে পরিচিত। এই উপজেলাতে প্রায় প্রতি বছর ঘূর্নিঝড় ছাড়াও সারা বছর লবণাক্ততা বিদ্যামান, যা জনসাধারনের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলছে। বিগত বছরগুলোতে বাংলাদেশ দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের সহায়তায় দুর্যোগ মোকাবেলায় নানাবিধ স্বল্পমেয়াদী পদক্ষেপ নেয়া হলেও দুর্যোগ ঝুঁকি হ্রাস করার জন্য স্থায়ী কর্মসূচি গ্রহণের মাধ্যমে মানুষের জীবন ও সহায়সম্পদের ক্ষয়ক্ষতি কমানোর দীর্ঘমেয়াদি কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। এরই ধারাবাহিকতায় সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সরকার দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়, সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর মাধ্যমে দুর্যোগের ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এ কর্মসূচির আওতায় প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসে সুদূরপ্রসারী অবদান রাখবে বলে মনে করা হয়। এই পরিকল্পনা দুর্যোগ ঝুঁকি হ্রাসকল্পে দুর্যোগ পূর্ব প্রস্তুতি, আপদ/দুর্যোগ কালীন, দুর্যোগ পরবর্তী ও স্বাভাবিক সময়ে ঝুঁকিহ্রাস পরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে, যা বাস্তবায়নের মাধ্যমে শরণখোলা উপজেলার জনগণের জীবন-জীবিকার নিশ্চয়তা ও সহায় সম্পত্তির ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব হবে।

দুর্যোগ প্রশমনে সরকারের সাথে আমি সকল স্থানের জনগণকে নিরলসভাবে কাজ করার এবং স্ব স্ব দায়িত্ব পালনের আহবান জানাচ্ছি একই সাথে উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়ণের সাথে জড়িত সকলকে ধন্যবাদ জানাচ্ছি ।

.....

উপজেলা নির্বাহী কর্মকর্তা
ও সহ-সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
শরণখোলা উপজেলা, বাগেরহাট।

উপস্থাপন করা হল ।



প্রকল্প সমন্বয়কারী/ব্যবস্থাপক
এরিয়া ডেভলপমেন্ট অর্গানাইজেশন (এ্যাডো)

অনুমোদনযোগ্য ।



প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
শরণখোলা উপজেলা,
বাগেরহাট।

অনুমোদনযোগ্য ।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও
সহ-সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
শরণখোলা উপজেলা,
বাগেরহাট।

অনুমোদন করা হল ।

উপজেলা চেয়ারম্যান ও
সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
শরণখোলা উপজেলা পরিষদ,
বাগেরহাট।

সূচীপত্র

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি

১.১	পটভূমি	১
১.২	পরিকল্পনার মূল উদ্দেশ্য	১
১.৩	স্থানীয় এলাকা পরিচিতি	২
১.৩.১	জেলা/উপজেলার ভৌগোলিক অবস্থান	২
১.৩.২	আয়তন	২
১.৩.৩	জনসংখ্যা	২
১.৪	অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য	২
১.৪.১	অবকাঠামো	২-৩
১.৪.২	সামাজিক সম্পদ	৩-৫
১.৪.৩	আবহাওয়া ও জলবায়ু	৫-৭
১.৪.৪	অন্যান্য	৭-৯

দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১	দুর্যোগের সার্বিক ইতিহাস	১০
২.২	উপজেলার আপদসমূহ	১০
২.৩	বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র বর্ণনা	১১-১৪
২.৪	বিপদাপন্নতা ও সক্ষমতা	১৫-১৬
২.৫	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	১৬-১৭
২.৬	উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমূহ	১৮-২১
২.৭	সামাজিক মানচিত্র	২২
২.৮	আপদ ও ঝুঁকি মানচিত্র	২৩-২৪
২.৯	আপদের মৌসুমী দিনপঞ্জি	২৫
২.১০	জীবিকার মৌসুমী দিনপঞ্জি	২৬
২.১১	জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	২৬
২.১২	খাতভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ণনা	২৭-৩০
২.১৩	জলবায়ু পরিবর্তণ এবং তার সম্ভাব্য প্রভাব	৩১-৩৭

তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস

৩.১	ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৩৮-৪৯
৩.২	ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৫০-৫৬
৩.৩	এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৫৭
৩.৪	দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৫৭
৩.৪.১	দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৫৭-৫৮
৩.৪.২	দুর্যোগ কালীন	৫৮-৫৯
৩.৪.৩	দুর্যোগ পরবর্তী	৫৯-৬০
৩.৪.৪	স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	৬১-৮১

চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান

৪.১	জরুরী অপারেশন সেন্টার (EOC)	৮২
৪.১.১	জরুরী কন্ট্রোল রুম পরিচালনা	৮২
৪.২	আপদ কালীন পরিকল্পনা	৮৩-৮৪
৪.২.১	স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	৮৫
৪.২.২	সতর্কবার্তা প্রচার	৮৫

৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি ৮৫
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদান ৮৫
৪.২.৫ আশ্রয় কেদ্র রক্ষণাবেক্ষণ ৮৫
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা ৮৬
৪.২.৭ দুর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরূপণ ও প্রতিবেদন প্রেরণ ৮৬
৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা ৮৬
৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা ৮৬
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা ৮৬
৪.২.১১ মহড়ার আয়োজন করা ৮৬
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC) পরিচালনা ৮৭
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমূহ ৮৭
৪.৩ জেলা/উপজেলার নিরাপদ স্থান সমূহের তালিকা ও বর্ণনা ৮৭-৮৯
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন ৮৯-৯২
৪.৫ জেলা/উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ৯২
৪.৬ অর্থায়ন ৯২-৯৩
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ ৯৪

পঞ্চম অধ্যায় : উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা

৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন ৯৫-৯৭
৫.২ দ্রুত / আগাম পুনরুদ্ধার ৯৭
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা ৯৭
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার ৯৭
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ ৯৮
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা ৯৮

সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট ৯৯
সংযুক্তি ২ জেলা/উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ১০০
সংযুক্তি ৩ জেলা/উপজেলার স্বেচ্ছাসেবকদের তালিকা ১০১-১০৩
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা ১০৪-১০৬
সংযুক্তি ৫ এক নজরে জেলা/উপজেলা ১০৭
সংযুক্তি ৬ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠানসূচী ১০৮
সংযুক্তি ৭-৩৫ স্থানীয় এলাকা পরিচিতি সংক্রান্ত তথ্য ১০৯-১২৮

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি :

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভূক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারিতা, নিবিড় ও ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠানের ও জনগনের অংশগ্রহণের উপরে নির্ভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৩- ৫ বছরের জন্য প্রণয়ন করা হবে।

বাংলাদেশ বিশ্বের মানচিত্রে একটি দুর্যোগ প্রবণ দেশ। এ দেশের প্রতিটি জেলাই কম-বেশি দুর্যোগে আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে বাগেরহাট জেলা অন্যতম। ভৌগোলিক অবস্থান ও আবহাওয়াজনিত কারণে স্থানভেদে এ জেলাতে প্রতি বছর বন্যা, অতিবৃষ্টি, ঘূর্ণিঝড়, খরা, শৈত্য প্রবাহ, ঘূর্ণিঝড়/ টর্নেডো, জলোচ্ছাস, লবণাক্ততা, আর্সেনিক দূষণ, কালবৈশাখীর মত নানা ধরনের প্রাকৃতিক আপদ আঘাত হানে। অবস্থানগত কারণে ঘূর্ণিঝড় এ জেলার জন্য একটা বড় আপদ। অন্যদিকে নদীমাতৃক দেশ হওয়ায় প্রায় প্রতিবছর বন্যা ও নদী ভাঙ্গনে এ জেলাতে কম বেশি কোন না কোন ভাবে আক্রান্ত হয়ে থাকে। এ ছাড়াও মানবসৃষ্ট বিভিন্ন আপদ, যেমন বৃক্ষ/ প্যারাবন নিধন, চিংড়ী ঘের, রাসায়নিক সার বা ঔষধ ব্যবহার, অগ্নিকান্ড প্রভৃতি মানব জীবনকে প্রতিনিয়ত আতঙ্কগ্রস্ত করে রাখে। এ জেলার শরণখোলা উপজেলা অত্যন্ত ঝুঁকিপ্রবণ এলাকা। এই উপজেলা ৪ টি ইউনিয়ন নিয়ে গঠিত। এই ৪টি ইউনিয়নে প্রায় সারা বছর ঘূর্ণিঝড় ছাড়াও লবণাক্ততা, চিংড়ী ভাইরাস, জলাদ্ধতা, আকাশবন্যা ও জলোচ্ছাস জনসাধারনের জীবন ও জীবিকার উপরে বিরূপ প্রভাব ফেলে। ঘূর্ণিঝড় প্রায় প্রতি বছর ভাদ্র মাস হতে অগ্রহায়ন মাসের মধ্যে এই এলাকায় আঘাত হানে। যার ফলে এলাকয় কৃষি, মৎস্য, অবকাঠামো ও যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়। পর্যাপ্ত সংখ্যক সাইক্লোন সেল্টার না থাকায় ঘূর্ণিঝড়ে মানুষের জিবনের ঝুঁকি দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এছাড়া পর্যাপ্ত মাটির কিল্লা না থাকায় গবাদি পশুপাখির ঝুঁকিও বৃদ্ধি পাচ্ছে। অন্যদিকে লবণাক্ততা কৃষি ও পশু-পাখির ব্যাপক ক্ষতি সাধন করছে। নদী ভাঙনের কারণে এ এলাকাতে বাঁধ ভেঙ্গে এলাকাতে বর্ষাকালে জোয়ারের পানি প্রবেশ ও অতিবৃষ্টির ফলে বন্যার সৃষ্টি হয়। যা মৎস্য চাষের ব্যাপক ক্ষতি সাধন করে। বর্তমানে চিংড়ী ভাইরাস এলাকাতে প্রতিটি ঘেরে দেখা যায়। যার ফলে মৎস্য চাষীদের ব্যাপক আর্থিক ক্ষতি সাধিত হয়।

প্রতি বছর দুর্যোগে আক্রান্ত হলেও বিগত সময়ে দুর্যোগ প্রতিরোধ বা দুর্যোগ ঝুঁকি হ্রাস করা এবং মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমানোর জন্য উপজেলা পর্যায়ে সুদুরপ্রসারী কর্মপরিকল্পনার কোন প্রতিফলন দেখা যায়নি। সেদিক বিবেচনা করে সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি শরণখোলা উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য :

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগ ঝুঁকি সম্বন্ধে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাসকরণে পরিবার, সমাজ, ইউনিয়ন প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় উদ্ভাবন করা।
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যাবহারের মাধ্যমে ঝুঁকিহ্রাসকরণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন করা
- অপসারণ, উদ্ধার, চাহিদা নিরূপণ ত্রাণ ও তাৎক্ষণিক পুনর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকা এবং নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল নির্মাণ করা।
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারি, আন্তর্জাতিক, জাতীয় এনজিও ও দাতা সংস্থা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রনয়ণে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারিত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা।

১.৩. স্থানীয় এলাকা পরিচিতি

১.৩.১ শরণখোলা উপজেলার ভৌগোলিক অবস্থান

পৃথিবীর মানচিত্রে ২২°১৩´ থেকে ২২°২৪´ উত্তর অক্ষাংশ এবং ৮৯°৪৬´ থেকে ৮৯°৫৪´ পূর্ব দ্রাঘিমাংশে বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাটি অবস্থিত। এই উপজেলার আয়তন ৭৫৬.৬০ বঃ কিঃমি, যার মধ্যে ৫৯৪.৫৮ স্থায়ী বনভূমি রয়েছে। শরণখোলা উপজেলার উত্তরে মোড়েলগঞ্জ উপজেলা, পূর্বে পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলা ও বরগুনা জেলার পাথরঘাটা উপজেলা, পশ্চিমে মংলা উপজেলা এবং দক্ষিণে বঙ্গোপ সাগর অবস্থিত। সর্বমোট ৪৫ টি গ্রাম ও ১২ টি মৌজা রয়েছে এই উপজেলায়। ধানসাগর, রায়েন্দা, খোন্তাকাটা এবং সাউথখালী এই চারটি ইউনিয়ন নিয়ে উপজেলাটি গঠিত। বাগেরহাট জেলার সদর হতে ৫০ কিঃ মিঃ দক্ষীণে এবং খুলনা জেলার ৮৫ কিঃ মিঃ দক্ষীণ পূর্বে এ উপজেলাটি অবস্থিত। কৃষি বিভাগের তথ্য মতে, এখানকার বেশিরভাগ মাটি দো-আঁশ ও এটেল মাটি। এই উপজেলার জলবায়ু উষ্ণ ও আর্দ্র। আবার মাঝে মাঝে সমভাবাপন্ন হতে দেখা যায়। এখানে গ্রীষ্মকালে প্রচন্ড গরম এবং শীতকালে তীব্র শীত অনুভূত হয়। এছাড়া বর্ষাকালে প্রচুর বৃষ্টিপাত হয়। বঙ্গোপোসাগরের খুব বেশি দুরবর্তী না হওয়ায় জোয়ার ভাটার কারণে এলাকার নদীর পানিতে লবণাক্ততা বিদ্যমান। সাথে সাথে এলাকায় লবণপানি অনুপ্রবেশের ফলে গ্রীষ্মকালে অনেক এলাকায় লবণাক্ততা বিদ্যমান থাকে। যদিও লবণ পানি বাগদা চিংড়ী চাষের জন্য উপযোগী, কিন্তু ফসলের ব্যাপক ক্ষতি সাধন করে। বর্তমানে ৫৫ % লোক চিংড়ী ঘেরের উপর নির্ভরশীল। নারিকেল, শিরিশ, মেহগনি, সুপারি, বাবলা ইত্যাদি এলাকার প্রধান প্রধান গাছপালা। স্থলপথ হিসাবে সর্বমোট ৪০৭ কিঃমিঃ রাস্তা রয়েছে। যার মধ্যে কাঁচা রাস্তা ২৬৮ কিঃমিঃ, আধাপাকা রাস্তা ৫৫ কিঃমিঃ, ও পাকা রাস্তা ৮৪ কিঃমিঃ। বলেশ্বর এবং ভোলা নদী উপজেলার পাশ দিয়ে প্রবাহিত হয়েছে। লবণাক্ততা ও বন্যার পানি প্রবেশে বাধা প্রদান করার লক্ষ্যে প্রায় ৬ টি বাঁধ রয়েছে এবং এই বাঁধ গুলির মোট দৈঘ্য প্রায় ৪৩ কিঃমিঃ। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, শরণখোলা উপজেলা)

১.৩.২ আয়তন

বাগেরহাট জেলার মোট আয়তন ৩৯৫৯.১১ বঃ কিঃমিঃ এর মধ্যে শরণখোলা উপজেলার আয়তন ৭৫৬.৬০ বঃ কিঃমিঃ। উপজেলার মোট আয়তনের মধ্যে ৫৯৪.৫৮ বঃ কিঃমিঃ সুন্দরবন বিদ্যমান (বি.বি.এস, ২০১১)। উক্ত উপজেলায় ৪ টি ইউনিয়নের মধ্যে মোট ৪৫ টি গ্রাম ও ১২টি মৌজা রয়েছে । ইউনিয়ন ভিত্তিক মৌজার মৌজার নাম ও সংখ্যার বিস্তারিত সংযুক্তি ৭ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, শরণখোলা উপজেলা)

১.৩.৩ জনসংখ্যা

শরণখোলা উপজেলার মোট জনসংখ্যা ১১৯০৮৪ (এক লক্ষ উনিশ হাজার চুরাশি) জন, যার মধ্যে পুরুষ ৬২৪০০ জন, মহিলা ৫৬৬৮৪ জন, শিশু ৩২৩৬২ জন, বৃদ্ধ ৫৬২৮ জন এবং প্রতিবন্ধি ৪৯৬ জন। প্রতি বর্গ কিলোমিটারে লোক সংখ্যা বসবাস করে ১৫৭ জন (বি.বি.এস, ২০১১)। এই উপজেলায় পরিবার সংখ্যা ২৮৫৮১ (আটাশ হাজার পাঁচ শত একাশি) এবং মোট ভোটার সংখ্যা প্রায় ৭১২৪৬ জন। ইউনিয়ন ভিত্তিক ভিত্তিক বিভিন্ন স্তরের জনসংখ্যার বিস্তারিত সংযুক্তি ৮ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও পরিসংখ্যান অফিসশরণখোলা , উপজেলা)

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর বর্ণনা

১.৪.১ অবকাঠামো:

১.৪.১.১ বাঁধ :

শরণখোলা উপজেলায় বন্যা ও জোয়ারের পানি প্রবেশ প্রতিরোধ করার জন্য নদী ও খালের তীরবর্তী অঞ্চলে ছোট বড় মিলে মোট ৬ টি বাঁধ রয়েছে। উক্ত বাঁধগুলোর সর্বমোট দৈঘ্য ৪৩ কিঃমিঃ। ইউনিয়ন ভিত্তিক বাঁধের সংখ্যা ও অবস্থানের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ৯ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ এলজিইডি অফিস, শরণখোলা উপজেলা)

১.৪.১.২ স্লুইচগেট :

শরণখোলা উপজেলায় মোট ২২ টি স্লুইচগেট রয়েছে। এই স্লুইচগেট গুলো কংক্রিটের নির্মাণ। এই স্লুইচগেট গুলো পানি ব্যবস্থাপনার কাজে ব্যবহার করা হয়। ইউনিয়ন ভিত্তিক স্লুইচগেটের সংখ্যা ও অবস্থানের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১০ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও এলজিইডি অফিস, শরণখোলা উপজেলা)

১.৪.১.৩ ব্রীজ :

শরণখোলা উপজেলায় মোট ৯২ টি ব্রীজ রয়েছে। এই ব্রীজ গুলো লোহা, কংক্রিট ও কাঠের নির্মাণ। ইউনিয়ন ভিত্তিক ব্রীজের সংখ্যা ও অবস্থানের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১১ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউপি ও উপজেলা প্রকৌশলীর অফিস, শরণখোলা)

১.৪.১.৪ কালভার্ট :

শরণখোলা উপজেলায় মোট ৯০ টি কালভার্ট রয়েছে। এই কালভার্ট গুলো রাস্তার নীচে খালের পানি প্রবাহে সহায়তা করে। ইউনিয়ন ভিত্তিক **কালভার্ট** সংখ্যা ও অবস্থানের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১২ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউপি ও উপজেলা প্রকৌশলীর অফিস, শরণখোলা)

১.৪.১.৫ রাস্তা :

শরণখোলা উপজেলায় সর্বমোট ১০৮ টি রাস্তা রয়েছে। যার দৈর্ঘ্য প্রায় ৪০৭ কিঃমিঃ। এর মধ্যে পাকা রাস্তার সংখ্যা ২৪ টি এবং এর দৈর্ঘ্য ৮৪ কিঃমিঃ, আধাপাকা সংখ্যা ১৫ টি এবং এর দৈর্ঘ্য ৫৫ কিঃমিঃ, কাঁচা রাস্তার সংখ্যা ৬৯টি এবং এর দৈর্ঘ্য ২৬৮ কিঃমিঃ। এই রাস্তা গুলোর গড় উচ্চতা ৩ থেকে ৩.৫ ফুট এবং প্রস্থ যথাক্রমে ১২ থেকে ৬ ফুটের মধ্যে। বন্যার সময় কাঁচা, পাকা ও আধা পাকা মিলে প্রায় ৫৫% রাস্তা পানিতে ডুবে যায়। ইউনিয়ন ভিত্তিক রাস্তা সংখ্যা ও অবস্থানের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১৩ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও উপজেলা প্রকৌশলীর অফিস, শরণখোলা)

১.৪.১.৬ সেচ ব্যবস্থা :

শরণখোলা উপজেলায় রবি ফসল উৎপাদনে সেচের জন্য নলকূপ ও শ্যালোমেশিন ব্যবহার করা হয়। এ ছাড়া ঘেরের বিভিন্ন ধরনের কাজে শ্যলোমেশিন ব্যবহার করা হয়। উল্লেখ্য যে গভীর নলকূপ গুলো বেশির ভাগ ক্ষেত্রে বসত বাড়ির কার্য সাধনে ব্যবহৃত হয়। শরণখোলা উপজেলায় মোট অগভীর নলকুপের সংখ্যা ২৫৫০ টি, ও শ্যালোমেশিনের সংখ্যা ৩৭০ টি। তবে এ উপজেলায় কোন গভীর ও হস্তচালিত নলকূপ নাই। এই অগভীর নলকুপের গড় গভীরতা ৭০-৯০ ফুট। ইউনিয়ন ভিত্তিক সেচ ব্যবস্থার বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১৪ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ডিপিএইচই, শরণখোলা উপজেলা)

১.৪.১.৭ হাট/বাজার :

শরণখোলা উপজেলায় মোট হাট-বাজার সংখ্যা ১৯ টি। হাটগুলো সাধারনত সপ্তাহে ২ দিন এবং বাজার গুলো সপ্তাহের প্রতিদিন বসে। সব হাট বাজার মিলে মোট দোকান সংখ্যা আনুমানিক ১৮০৫ টি। ইউনিয়ন ভিত্তিক হাট-বাজার সংখ্যা ও অবস্থানের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১৫ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, শরণখোলা উপজেলা)

১.৪.২ সামাজিক সম্পদ

১.৪.২.১ ঘরবাড়ি :

শরনখোলা উপজেলায় মোট ঘরবাড়ির সংখ্যা ২৮৪৫৭ টি। এর মধ্যে পাকা ঘরবাড়ির সংখ্যা ৩০০ টি, আধাপাকা ঘরবাড়ির সংখ্যা ৬৯৫ টি এবং কাঁচা ঘরবাড়ির সংখ্যা ২৭৪৬২ টি। গৃহহীন পরিবারের সংখ্যা ২৮ টি। অন্যানের জমিতে বাড়ি ২৮টি পরিবারের। কাঁচা ঘরগুলো গোলপাতা, বাঁশ ও খড় দিয়ে নির্মিত। এ উপজেলায় প্রায় ৬০ % কাঁচা ঘরবাড়ি বন্যা লেভেলের নিচে এবং ঘরগুলো ঘূর্নিঝড় সহনশীল নয়। ইউনিয়ন ভিত্তিক **ঘরবাড়ির** বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১৬ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, শরণখোলা উপজেলা)

১.৪.২.২ খাবার পানি :

শরনখোলা উপজেলায় খাবার পানির প্রধান উৎস হলো পুকুর ও নলকূপ। এই উপজেলায় ৬০% লোক পুকুর, ৩০% লোক নলকুপের এবং ১০% লোক বৃষ্টি ও ক্রয়কৃত ড্রামের পানি পান করে। উল্লেখ্য যে, ড্রামের পানি দূরবর্তী স্থান থেকে সংগ্রহ করতে হয়। উপজেলায় মোট নলকুপের সংখ্যা ২৩৫০ টি। যদিও সরকার ও কিছু দাতা সংস্থা এই অগভীর নলকূপগুলো স্থাপন করেছে। কিন্তু আতিরিক্ত লবণাক্ততার কারণে তা এখন ব্যবহারের প্রায় অনুপযোগী। বর্তমানে ২৩৫০ টি নলকুপের মধ্যে ১৮৪৮ টি নলকুপের পানি পান করার যোগ্য। আবার এই নলকূপ গুলোর মধ্যে মাত্র ৪১০ টি বন্যা লেভেলের উপরে। উল্লেখ্য যে, উপজেলায় বন্যার সময় ব্যবহারের উপযোগী থাকে ৪১০ টি নলকূপ। ইউনিয়ন ভিত্তিক খাবার পানির উৎস এর বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১৭ তে দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও ডিপিএইচই, শরণখোলা উপজেলা)

১.৪.২.৩ পয়ঃনিষ্কাশন :

শরণখোলা উপজেলায় মোট পায়খানার সংখ্যা প্রায় ২৮৪৪৫ টি। এর মধ্যে পাকা পায়খানার সংখ্যা ৬৪০ টি এবং কাঁচা পায়খানার সংখ্যা ২৭৭৬০ টি, অস্বাস্থ্যকর খোলা পায়খানা ৪৫ টি। বন্যা লেভেলের উপরের সংখ্যা প্রায় ৭৩৪৮ টি এবং বন্যার সময় ব্যবহারের অনুপযোগী থাকে প্রায় ২১১০০ টি পায়খানা। এই এলাকার প্রায় ৭০% লোক স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার করে। উল্লেখ্য যে, কাঁচা পায়খানাগুলো ঘূনিঝড়ের সময় ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়। ইউনিয়ন ভিত্তিক পয়ঃনিষ্কাশন ব্যবস্থার বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১৮ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও শরণখোলা উপজেলা জনস্বাস্থ্য অফিস)

১.৪.২.৪ শিক্ষা প্রতিষ্ঠান :

শরনখোলা উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা মোট ১১৪ টি। এছাড়া ম্যাধ্যমিক বিদ্যালেয়ের সংখ্যা ১৭ টি, মাদ্রাসার সংখ্যা ৫ টি এবং কলেজের সংখ্যা ৫ টি। উল্লেখ্য যে, এই উপজেলায় কোন সরকারি মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজ নাই। ইউনিয়ন ভিত্তিক ইউনিয়ন ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ১৯ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও শরণখোলা উপজেলা প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা অফিস)

১.৪.২.৫ ধর্মীয় প্রতিষ্ঠান :

শরনখোলা উপজেলায় মোট মসজিদের সংখ্যা প্রায় ৩১৭ টি, মন্দিরের সংখ্যা ৪৬ টি। উল্লেখ্য যে, এ উপজেলায় কোন গীর্জা নাই। ইউনিয়ন ভিত্তিক ধর্মীয় প্রতিষ্ঠানের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২০ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিসংখ্যান অফিস, শরণখোলা উপজেলা)

১.৪.২.৬ ধর্মীয় জমায়েত স্থান :

শরণখোলা উপজেলায় সরকারি ও বেসরকারি মিলে সর্বমোট ঈদগাহ সংখ্যা ৬৭ টি। বেশিরভাগ ঈদগাহ রাস্তা থেকে নীচু। ইউনিয়ন ভিত্তিক ঈদগাহর বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২১ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিসংখ্যান অফিস, শরণখোলা উপজেলা)

১.৪.২.৬ স্বাস্থ্যসেবা :

শরণখোলা উপজেলায় মোট ২১ টি স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। এর মধ্যে উপজেলা স্বাস্থ্যকেন্দ্র ১ টি, ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র ৪ টি এবং কমিউনিটি ক্লিনিক ১৬ টি। এই উপজেলায় মোট ডাক্তার সংখ্যা (অফিসার, কলসালটেন্ট, সহকারী সার্জন মিলে) ২২ জন এবং নার্স ও স্টাফমিলে প্রায় ২৪ জন। ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য সেবা / হাসপাতালের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২২ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস, শরণখোলা)

১.৪.২.৭ ব্যাংক :

শরণখোলা উপজেলায় মোট ৩ টি ব্যাংক রয়েছে। ব্যাংকগুলো হলো কৃষি, সোনালী ও জনতা ব্যাংক। এ ব্যাংক ৩ টি রায়েন্দা ইউনিয়নে অবস্থিত। এ ব্যাংক গুলো গ্রাহকের টাকা লেনদেন, ডিপোজিট স্কিম, কৃষি ঋণদান, এস এমই লোন ইত্যাদি সেবাপ্রদান করে থাকে। ইউনিয়ন ভিত্তিক ব্যাংকের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২৩ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ শরণখোলা উপজেলা পরিষদ অফিস)

১.৪.২.৮ পোষ্ট অফিস :

শরণখোলা উপজেলায় মোট ১৩ টি পোষ্ট অফিস রয়েছে। এ পোষ্ট অফিসগুলো গ্রাহকের পোষ্টাল ক্যাশ কার্ড সার্ভিস, মোবাইল মানি অর্ডার সার্ভিস, জিইপি সার্ভিস, সেভিংস ব্যাংক ও চিঠি আদান-প্রদান ইত্যাদি সেবা প্রদান করে থাকে। ইউনিয়ন ভিত্তিক পোষ্ট অফিসের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২৪ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ শরণখোলা উপজেলা পরিষদ অফিস)

১.৪.২.৯ ক্লাব/সাংস্কৃতি কেন্দ্র :

শরণখোলা উপজেলায় ছোট বড় মিলে সর্বমোট ৮ টি ক্লাব/সাংস্কৃতি কেন্দ্র রয়েছে। এ গুলো সাধারণত খেলাধুলা ও বিভিন্ন ধরনের বিনোদন ছাড়া অন্য কোন সমাজ সেবা বা উন্নয়নমূলক কাজে সহায়তা করে না, দুর্যোগকালীন সময়ে স্বেচ্ছাসেবী হিসাবে কাজ করে। তাছাড়া ক্লাবগুলো দুর্যোগ পরবর্তী পুনর্বাসন কার্যেও সহযোগীতা করে। ইউনিয়ন ভিত্তিক ক্লাব/সাংস্কৃতি কেন্দ্রের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২৫ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, শরণখোলা উপজেলা)

১.৪.২.১০ খেলার মাঠ :

শরণখোলা উপজেলায় মোট ১৭ খেলার মাঠ রয়েছে। এ মাঠ গুলো বেশির ভাগই নীচু এবং বন্যায় মাঠগুলো অর্ধ নিমজ্জিত থাকে। যার ফলে দুর্যোগের সময় উক্ত মাঠগুলো আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহার করা যায় না। তবে ত্রান কার্যক্রম পরিচালনা, অস্থায়ী ক্যাম্প স্থাপন, দুর্যোগ বিষয়ক প্রশিক্ষণ, মহড়ার আয়োজন ইত্যাদি কাজে মাঠগুলা ব্যবহার করা হয়। ইউনিয়ন ভিত্তিক খেলার মাঠের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২৬ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, শরণখোলা উপজেলা)

১.৪.২.১১ কবরস্থান/ শ্মশানঘাট :

শরণখোলা উপজেলায় সরকারি ভাবে সাউথখালী ইউনিয়নে মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে সার্বজনিন কবরস্থান (ওয়ার্ড- ৪) নামে ১ টি কবরস্থান এবং রাজেশ্বর সার্বজননী শ্মশান ঘাট (ওয়ার্ড- ৯) নামে ১ টি সরকারি শ্মশানঘাট রয়েছে। এই উপজেলায় সরকারি কবরস্থান না থাকায় মানুষ নিজ জমি পারিবারিক কবর স্থান হিসাবে ব্যবহার করে। এই উপজেলার কবর স্থান গুলো নীচু এবং বন্যার সময় পানিতে তলিয়ে যায়। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, শরণখোলা উপজেলা (

১.৪.২.১২ যোগাযোগ ও পরিবহন মাধ্যম :

শরণখোলা উপজেলার জনগণ যোগাযোগ করার জন্য স্থলপথ ও নদীপথ ব্যবহার করে। স্থলপথে/রাস্তা চলাচলের জন্য ভ্যান, মটরসাইকেল, নসিমন এবং নদীপথে চলাচলের জন্য নৌকা ও ট্রলার ব্যবহার করে। উপজেলায় মোট ভ্যানের সংখ্যা প্রায় ৫২০ টি, মোটর সংখ্যা প্রায় ১০০০ টি, নসিমন সংখ্যা প্রায় ১৪০ টি, নৌকা সংখ্যা প্রায় ৪০০ টি এবং ট্রলার সংখ্যা প্রায় ৪৬০ টি। ইউনিয়ন ভিত্তিক যোগাযোগ ও পরিবহনের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২৭ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, শরণখোলা উপজেলা)

১.৪.২.১৩ এনজিও/স্বেচ্ছাসেবক সংস্থা সমূহ :

শরণখোলা উপজেলায় প্রায় ৩৩টি এনজিও রয়েছে। এই এনজিও গুলো ক্ষুদ্র ঋণ, শিক্ষা, স্বাস্থ্য ও দুর্যোগ বিষয়ে কাজ করে। এছাড়া উক্ত এনজিও সমূহ দুর্যোগ ও জলবায়ু পরিবর্তণ বিষয়ে কাজ করে। এনজিওদের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২৮ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ এবং শরনখোলা উপজেলা সমাজসেবা অফিস)

১.৪.২.১৪ বন ও বনায়ন :

শরনখোলা উপজেলায় প্রায় ৫৯৪.৫৮ বঃকিঃমিঃ প্রাকৃতিক বন (সুন্দরবন) রয়েছে। সাউথখালী ইউনিয়নের সংলগ্নে এই বন অবস্থিত। এছাড়াও বসতবাড়ি, রাস্তার পাশে, বাঁধে ও পুকুর পাড়ে প্রচুর বৃক্ষ লক্ষ করা যায়। এই উপজেলায় কর্মরত বিভিন্ন এনজিও রাস্তার পাশে এবং বসতবাড়িতে সামাজিক বনায়ন করাকে উৎসাহিত করছে। বনায়নের আওতাধীন জমির পরিমাণ ৮৫ একর। ধানসাগর ইউনিয়নে কোনো বন নাই তবে সাম্প্রতিককালে সিডরের পরেই এসব এলাকায় কর্মরত এনজিওগুলো বনায়নের পদক্ষেপ নিয়েছে। এ ছাড়া ইউনিয়ন পরিষদের নিজস্ব উদ্যোগে ৭ কিঃমিঃ রাস্তায় বনায়ন করা হয়েছে। ১২ কিঃমিঃ রাস্তা বনায়নের আওতায় রয়েছে। এছাড়াও এখানে ৭ টি নার্সারি রয়েছে। রায়েন্দা ইউনিয়নের ১৫ কিঃমিঃ রাস্তার দুই পাশে বিভিন্ন ধরনের গাছ লাগানো হয়েছে। ইউনিয়নের সব রাস্তার পাশেই বৃক্ষরোপন করার পরিকল্পনা রয়েছে। এছাড়াও এখানে দশটি নার্সারি রয়েছে। বিভিন্ন ফলদ গাছ ও কাঠের গাছ সাউথখালী ইউনিয়নে সামাজিক বনায়নের মাধ্যমে রোপন করা হয়। ভোলা নদীর ভেড়িবাঁধের দু'পাশের প্রায় ৭ কিঃমিঃ সামাজিক বনায়নের আওতাভুক্ত রয়েছে। এছাড়াও এলাকা জুড়ে সরকারিভাবে চাম্বল গাছ, নারিকেল গাছ, শিরিশ গাছ লাগানো হয়েছে। ইউনিয়নের মধ্যে প্রায় ১০ কিঃমিঃ রাস্তার দুই পাশে বিভিন্ন প্রকারের গাছ সরকারি ব্যবস্থাপনায় লাগানো হয়েছে। উল্লেখ্য, প্রলয়ংকরী ঘূর্ণিঝড় সিডরে এলাকার গাছপালার ব্যাপক ক্ষতিসাধন করেছে এবং পরবর্তীতে এসব গাছপালা রক্ষণাবেক্ষণের কোনো পদক্ষেপ সরকার বা অন্য কোনো সংস্থা গ্রহণ করেনি। ইউনিয়ন ভিত্তিক বন ও বনায়নের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ২৯ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও বন অফিস, শরনখোলা উপজেলা)

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

বৃষ্টিপাতের ধারা

এই এলাকায় বৃষ্টিপাতের ধারা বিশ্লেষণ করে দেখা গেছে যে, গড় দৈনিক বৃষ্টিপাতের পরিমাণ প্রায় একই রকম। এই অঞ্চলের বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ ১৭১০ মিঃমিঃ। ১৯৭১, ১৯৮১, ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালের পর দৈনিক গড় বৃষ্টিপাত যথাক্রমে ১, ৬, ৫, ৫ এবং ৬ মিঃমিঃ এর অধিক। কিন্তু এ পরিবর্তনের ধারা জলবায়ু পরিবর্তনের ইঙ্গিত বহন করে কিনা সে বিষয়ে আরও গবেষণার প্রয়োজন রয়েছে। বৃষ্টিপাতের ধারা পরিবর্তণ হওয়ায় মৌসুমী বৃষ্টিপাতের সময় পিছিয়ে যাচ্ছে, ফলে কৃষি ব্যবস্থার কিছুটা পরিবর্তণ হয়েছে, উৎপাদন ব্যায় বেশি হচ্ছে এবং উৎপাদনও কম হচ্ছে। একইসাথে ফসলে রোগবালাই ও পোকার আক্রমণ বেশি হচ্ছে। অসময়ে বৃষ্টিপাত বেশি লক্ষ্য করা যাচ্ছে। আষাঢ়-আশ্বিন মাস পর্যন্ত প্রচুর বৃষ্টি হয় যার ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। তাছাড়া এখানে শীত মৌসুমেও বৃষ্টিপাত হয় যার ফলে ফসলের চাষাবাদ ব্যাহত হয় এবং মানুষের জীবন-জীবিকার উপর নেতিবাচক প্রভাব পড়ে। **(তথ্যের উৎসঃ আবহাওয়া অধিদপ্তর)**



বৈজ্ঞানিক তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে বিগত বছরগুলোতে এ অঞ্চলের গড় বৃষ্টিপাত ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।

তাপমাত্রা :

এ অঞ্চল সুন্দরবনের পাশাপাশি হওয়ায় স্থানীয়ভাবে গাছপালার পরিমাণ কম হওয়া সত্ত্বেও তাপদাহের পরিমাণ বেশি হয় না। এ অঞ্চলের সর্বোচ্চ ও সর্বনিম্ন গড় তাপমাত্রা যথাক্রমে ৩৩.৫০ সেঃ ও ১২.৫০ সেঃ। বর্ষাকালে এ অঞ্চলের গড় তাপমাত্রা থাকে ২৮.৩০ সেঃ অধিকাংশ ক্ষেত্রে তাপমাত্রা স্বাভাবিক থাকে। বর্ষাকালে এ অঞ্চলের গড় তাপমাত্রা ২৮.৩০ সেঃ থাকে। এলাকাবাসীর অভিজ্ঞতা থেকে জানা যায় যে, তাপমাত্রা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বিশেষ করে ৭- ৮ বছর তাপমাত্রা এত বেশি বৃদ্ধি পেয়েছে যে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। তাপমাত্রা অধিকতর অনুভূত হওয়ার অন্যতম বড় কারণ বাতাসে আর্দ্রতা ও পানিতে লবণাক্ততার পরিমাণ বৃদ্ধি পাওয়া। কারণ আর্দ্রতা ও লবণাক্ত পরিবেশ সহনশীলতার মাত্রা কমিয়ে দেয়। তাপমাত্রা বৃদ্ধির ফলে কৃষি চাষ পদ্ধতি হুমকির মুখে। বিশেষ করে চিংড়ী চাষের জমিতে লবণাক্ততার পরিমাণ বেড়ে মাটির লবণাক্ততা বেড়ে যাওয়ায় জীববৈচিত্র হুমকির মুখে পড়েছে। এরকম পরিস্থিতি চলতে থাকলে ভবিষ্যৎ ঝুঁকি আরো বাড়বে। এছাড়া তাপমাত্রা বৃদ্ধির ফলে যে সমস্ত লোক বিকল্প পেশা হিসেবে পোল্ট্রি ফার্ম ব্যবসা, গবাদিপশুপালন চালু করেছিল তাদের এই ব্যবসাও ঝুঁকির মুখে পড়েছে। (তথ্যের উৎসঃ আবহাওয়া অধিদপ্তর)



বৈজ্ঞানিক তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে বিগত বছরগুলোতে এ অঞ্চলের গড় তাপমাত্রা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।

ভূগর্ভস্থ্য পানির স্তর

জনস্বাস্থ্য প্রকৌশলের তথ্য অনুযায়ী প্রতি বছর দুই বার পানির স্তর পরিমাপ করার জন্য জরিপ চালানো হয়। এ অঞ্চলে দেখা গেছে এপ্রিল মাসে এই স্তর ১৪ থেকে ১৬ ফুটের মধ্যে থাকে এবং মে মাসে এই পানির স্তর আরও নিচে নেমে যায়। মে মাসে এই স্তর থাকে ১৫ থেকে ১৭ ফুটের মধ্যে। এলাকাবাসীর মতে পানির এই স্তর না কমলেও দিন দিন সুপেয় পানির প্রাপ্যতা কমে যাচ্ছে, কারণ লবণাক্ত পানি অগভীর স্তরের ভারসাম্য রক্ষা করছে। এলাকাবাসী মনে করছে সুপেয় পানির স্তর অনেক নিচে নেমে যাচ্ছে। যা টেকসই উন্নয়নের জন্য এটি হুমকি স্বরূপ। (তথ্যের উৎসঃ শরণখোলা উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস)

১.৪.৪ অন্যান্য

ভূমি ও ভূমির ব্যবহার :

শরণখোলা উপজেলায় মোট ১৫১২৩ হেক্টর জমি রয়েছে। যার মধ্যে আবাদী জমির পরিমান ৯৯৫১ হেক্টর, অনাবাদী জমি ৭২০ হেক্টর, এক ফসলী জমি ৬০০০ হেক্টর, দুই ফসলী জমি ২৮৫০ হেক্টর ও তিন ফসলী জমি ১১০১ হেক্টর এবং বসতি জমির পরিমান ২৩৪৫ হেক্টর। ইউনিয়ন ভিত্তিক ভূমি ও ভূমির ব্যবহারের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ৩০ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ শরনখোলা উপজেলা কৃষি অফিস)

কৃষি ও খাদ্য :

শরণখোলা উপজেলার প্রধান অর্থকরী ফসল আমন, আউস, বোরোধান এবং চিংড়ী। উৎপাদনের পরিসংখ্যান থেকে দেখা যায় যে, ২৫৪৮০ মেট্রিকটন ধান এবং ৬৬২ মেঃ টন সাদা মাছ ও চিংড়ী মাছ উৎপাদিত হয়। লবণাক্ততা বৃদ্ধির কারণে এই এলাকার কৃষি চাষ হ্রাস পাচ্ছে। এই এলাকার মানুষের প্রধান খাবার ভাত ও মাছ। এছাড়াও মাংস, সবজী ও নানা রকম ফল-মূল তাদের খাদ্যাভ্যাসের মূল উপাদান। এ উপজেলায় প্রধান খাদ্য সমূহ হলো মাছ, ভাত, ডাল। এখানকার মানুষের খাদ্যাভ্যাস সকালে ১ বার, দুপরে ১ বার ও রাতে ১ বার। ইউনিয়ন ভিত্তিক কৃষি ও খাদ্য উৎপাদনের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ৩১ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ শরনখোলা উপজেলা কৃষি অফিস ও মৎস্য অফিস)

পশুসম্পদ:

পশুসম্পদ প্রতিটি পরিবারের একটি গুরুত্বপূর্ণ সম্পদ। এই খাত একটি সম্পূরক আয় হিসাবে কাজ করে এবং পরিবারের সদস্যদের পশু প্রোটিন প্রদান করে। প্রায় প্রতিটি পরিবার কিছু না কিছু গবাদি পশু ও পাখি পালন করে। গরু, মহিষ, ভেড়া, ছাগল, হাসঁ ও মুরগী এই উপজেলায় বিদ্যামান। বর্তমানে শরণখোলা উপজেলাতে ৪৩৬৫০ টি গরু, ৪৩১০০ টি ছাগল ,৯৮৫৫০ টি মুরগি ও ৭১৬০০ টি হাঁস রয়েছে। ইউনিয়ন ভিত্তিক পশুসম্পদের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ৩২ এ দেওয়া হলো। (তথ্যের উৎস্য: উপজেলা পশুসম্পদ অফিস)

নদী :

শরণখোলা উপজেলায় মোট ৫ টি নদী রয়েছে। নদীগুলোর নাম যথাক্রমে বলেশ্বর নদী, ভোলা নদী, শরণখোলা নদী, রায়েন্দা নদী এবং ভোলা বিঁষখালী নদী। এ নদী গুলো উপজেলার প্রায় সবকটি ইউনিয়নের মধ্যে দিয়ে প্রবাহিত হয়েছে। ইউনিয়ন ভিত্তিক নদীর বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ৩৩ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও উপজেলা মৎস্য অফিস)

খাল :

শরনখোলা উপজেলায় মোট ৩১ টি খাল রয়েছে। প্রাকৃতিক ও মানবসৃষ্ট কারণে বিশেষকরে দখল করে চিংড়ী চাষের ফলে অনেক খাল বিলুপ্ত হয়ে যাচ্ছে। ইউনিয়ন ভিত্তিক খালের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ৩৪ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও শরোনখোলা উপজেলা মৎস্য অফিস)

পুকুর :

শরণখোলা উপজেলায় মোট ২০৬৩ টি পুকুর রয়েছে। এ পুকুর গুলোতে বছরের সব সময় পানি থাকে। কিন্তু অধিকাংশ পুকুর গুলোতে লবণাক্ততার কারণে সাধারণত মাছ চাষ করার জন্য ব্যবহার করা হয়। এছাড়া গোসল, গৃহস্থালী ব্যবহার, খাবার পানি ইত্যাদি কাজে ব্যবহার করা হয়। সাউথখালী ইউনিয়নে ৩৭৩ টি, রায়েন্দা ইউনিয়নে ৫৫৫ টি, খোন্তাকাটা ইউনিয়নে ৫৬০ টি ও ধানসাগর ইউনিয়নে ৫৭৫ টি পুকুর রয়েছে। ইউনিয়ন ভিত্তিক মৎস্য ঘের ও পুকুরের বিস্তারিত পরিসংখ্যান সংযুক্তি ৩৫ এ দেওয়া হলো। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও শরোনখোলা উপজেলা মৎস্য অফিস)

বিল ও ঘের :

শরণখোলা উপজেলায় কোন বিল নাই। তবে প্রায় ১২৫০ টি বাগদা ও গলদা মাছের ঘের রয়েছে। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ ও শরোনখোলা উপজেলা মৎস্য অফিস)

লবণাক্ততা :

২৫-৩০ বছর পূর্বে এই এলাকায় নীচু জমিতে নভেম্বর হতে জুন পর্যন্ত সময়ে লবণ পানি উঠত। তখন নিয়মিত জোয়ারভাটা ছিল এবং ভূমি গঠনের জন্য এ-প্রক্রিয়া অত্যন্ত প্রয়োজনীয় ছিল। সে পরিবেশে লবণাক্ততা তেমন কোনো সমস্যা হিসেবে চিহ্নিত হয়নি। তখন মানুষের জীবন-জীবিকার উপর এটি কোনো প্রভাব ফেলেনি। অধিক ফসল ফলানোর মানসে উপকূলীয় বাঁধ প্রকল্পের কারণে যখন দুই বা তিন ফসলের প্রচলন শুরু হলো, তখন হতে লবণাক্ততা একটি সমস্যা হিসেবে দেখা দিলো। জলবায়ু পরিবর্তণ ও বাগদা চিংড়ী চাষের প্রচলনের কারণে জমিতে লবণাক্ততা আরও স্থায়ী রূপ নিলো। আশংকা করা হচ্ছে সমুদ্রের নিকটবর্তীতা, চিংড়ী চাষের ব্যাপক প্রচলন ও জীবিকার ধরনের পরিবর্তনের কারণে লবণাক্ততা একটি বড় আপদ হিসেবে চিহ্নিত না-হলেও সুপেয় পানি, জীববৈচিত্র্য ও পরিবেশ ভারসাম্যতার প্রেক্ষাপটে এটি একটি বড় আপদ হিসেবে চিহ্নিত হতে পারে। এ এলাকার ৩০ ভাগ অঞ্চল দ্বিতীয় ও তৃতীয় মাত্রার লবণাক্ততায় আক্রান্ত। নদী ভরাট এবং জলাবদ্ধতার কারণে নীচু জমিতে লবণপানির পরিমাণ বর্তমানে কম হলেও সমুদ্রপৃষ্টের উচ্চতা ক্রমশ বৃদ্ধির ফলে এ উপজেলাটি লবণ পানিতে প্লাবিত/বিলীন হবার আশংকা রয়েছে। (তথ্যের উৎসঃ ইউনিয়ন পরিষদ, উপজেলা মৎস্য অফিস)

আর্সেনিক দূষণ:

এ এলাকায় অগভীর নলকূপগুলোতে মাত্রাতিরিক্ত আর্সেনিক ও আয়রন থাকায় তা মানুষের খাওয়ার কাজে ব্যবহারের অনুপযোগী। চৈত্র-বৈশাখ মাসে এলাকার পানির স্তর নিচে নেমে যাওয়াতে অগভীর নলকূপগুলোতে পানি পাওয়া যায় না এবং গভীর নলকূপ গুলোতে পানি উঠাতে খুবই কষ্ট হয়। আশা করা হচ্ছে অদূর ভবিষ্যতে গভীর নলকূপ গুলোতেও আর্সেনিক, আয়রন মুক্ত সুপেয় পানি পাওয়া যাবে না। বাংলাদেশ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকাশিত আর্সেনিক দূষণ মানচিত্র অনুযায়ী এ অঞ্চলের বেশিরভাগ টিউবওয়েল আর্সেনিক আক্রান্ত। ফলে সুপেয় পানি এ এলাকার অন্যতম একটি প্রধান আপদ হিসেবে বিবেচনা করা প্রয়োজন। (তথ্যের উৎসঃ শরনখোলা উপজেলা জনস্বাস্থ্য অফিস)



চিত্র-১: শরণখোলা উপজেলার আর্সেনিক দূষন মানচিত্র

দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস

বাগেরহাট জেলার দুর্যোগ ঝুঁকি সম্পন্ন উপজেলার মধ্যে শরণখোলা উপজেলা অন্যতম। প্রায় প্রতি বছর কোন না কোন দুর্যোগের সম্মুখীন হয় এ উপজেলা। এসব দুর্যোগের মধ্যে রয়েছে নদীভরাট, জলাবদ্ধতা, বন্যা, আর্সেনিক, নদীভাঙ্গন, সাইক্লোন, ঘূর্ণিঝড়, খরা, লবণাক্ততা, শিলাবৃষ্টি, ঘন কুয়াশা, অতিবৃষ্টি ইত্যাদি। এ সকল আপদ মানুষের স্বাভাবিক জীবনযাত্রা বিপন্ন এবং সম্পদের ব্যাপক ক্ষতি সাধন করে। বলেশ্বর নদী, ভোলা নদী, শরণখোলা নদী, রায়েন্দা নদী এবং বিঁষখালী নদীর নাব্যতা কমে যাওয়ায় বর্ষা মৌসুমে নদীর দু-কুল ভাসিয়ে উপজেলাr ব্যাপক এলাকা প্লাবিত হয়। তাছাড়া ড্রেনেজ ব্যবস্থা ভালো না থাকায় বর্ষা মৌসুমে অতিবৃষ্টির ফলে উপজেলার নিম্ন এলাকার বসত বাড়িতে জলাবদ্ধতার সৃষ্টি হয়। যা প্রায় ১ মাস স্থায়ী থাকে। নদী ভরাট দিন দিন প্রকোপ হওয়ায় এ এলাকায় বন্যা ও জলাবদ্ধতার মাত্রা বৃদ্ধি পাচ্ছে।

উপকুলের নিকটবর্তী হওয়ায় প্রায় প্রতিবছর শরণখোলা উপজেলায় ঘূর্ণিঝড় পরিলক্ষীত হয়। দক্ষীণ-পশ্চিম দিক দিয়ে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস উপজেলায় মানুষের জীবন ও জীবিকার উপর আঘাত হানে। তাছাড়া এলাকায় লবণাক্ততার অনুপ্রবেশ দিন দিন বৃদ্ধি পাচ্ছে যা ফসলের ও গাছপালার ব্যাপক ক্ষতি সাধন করে। এ সমস্ত আপদের ফলে কৃষি, পশুসম্পদ, স্বাস্থ্য, অবকাঠামো, গাছপালা ক্ষতিগ্রস্ত হতে পারে। সাথেসাথে খাদ্যাভাব দেখা দেয় ও কর্মসংস্থানের সংকটসহ মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হয়। শরণখোলা উপজেলায় সার্বিক ইতিহাস হতে জানা যায় যে, প্রায় প্রতি বছর ছোট-বড় ঘুর্ণীঝড় হয়ে থাকে। ২০০৭, ২০০৯ সালের ঘূর্ণিঝড় ভয়াবহ রূপ ধারণ করেছিল। এই ঘূর্ণিঝড় ধানসাগর, রায়েন্দা, খোন্তাকাটা এবং সাউথখালী ইউনিয়নের ব্যাপক ক্ষতি সাধন করেছিল। লবণাক্ততা সকল ইউনিয়নে বিদ্যমান। যার ফলে উপরোল্লেখিত দুর্যোগগুলো জীবন ও জীবিকায় একটি বিরুপ প্রভাব ফেলেছে। উল্লেখ্য যে, ২০০৭ সালের সিডর এর সময় ২০-২৫ ফুট এবং ২২০-২৪০ কিলোমিটার/ঘন্টা বেগে প্রবাহমান জলোচ্ছাস উপকুলীয় এই উপজেলাতেও আঘাত হানে। সরকারি পরিসংখ্যান অনুযায়ী এই বন্যাতে ২৯৮ জন মানুষ মারা যায় এবং এক কোটি দুই লাখ ১১ হাজার ৭৮০ জন মানুষ মারাত্মক ক্ষতিগ্রস্থ হয়। সেই সাথে ৫৮ হাজার ৮৬৬ টি বাড়ি সম্পূর্ণ বিনষ্ট হয় (উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস, শরণখোলা)।

দুর্যোগের ক্ষতির পরিমান, ঘটার সময় এবং খাত সমূহ নিম্নে ছকের মাধ্যমে দেওয়া হল :

ক্রম	দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমান	কোন কোন খাত/উপাদান
১	ঘূর্ণিঝড়	১৯৮৮, ২০০৭, ২০০৯	বেশি	ফসল, মানব সম্পদ, পশুসম্পদ, অবকাঠামো
২	লবণাক্ততা	প্রতি বছর	বেশি	ফসল, গাছপালা, গবাদিপশু
৩	চিংড়ী ভাইরাস	প্রতি বছর	বেশি	মৎস্য ও জীবিকা
৪	বন্যা (আকাশ)	২০০০-২০১৩	বেশি	ফসল, মৎস্য, গবাদিপশু, অবকাঠামো
৫	জলাবদ্ধতা	প্রতি বছর	বেশি	জীবিকা
৬	নদী ভাঙ্গন	প্রতি বছর	বেশি	ফসল ও বসতি জমি, ঘর- বাড়ি, রাস্তা- ঘাট, অবকাঠামো
৭	অনাবৃষ্টি (খরা)	প্রতি বছর (২০১২)	বেশি	ফসল, মৎস্য, গবাদিপশু
৮	জলোচ্ছাস	২০০৯	বেশি	ফসল ও মৎস্য

২.২ উপজেলার আপদ সমূহ :

ক্রম #	আপদ	ক্রম #	অগ্রাধিকার
১	নদী ভাঙ্গন	১	ঘূর্ণিঝড়
২	বন্যা (আকাশ)	২	লবণাক্ততা
৩	অনাবৃষ্টি (খরা)	৩	চিংড়ী ভাইরাস
৪	লবণাক্ততা	৪	নদী ভাঙ্গন
৫	ঘূর্ণিঝড়	৫	অনাবৃষ্টি (খরা)
৬	জলোচ্ছাস	৬	বন্যা (আকাশ)
৭	জলাবদ্ধতা		
৮	চিংড়ী ভাইরাস		

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র :

ঘূর্ণিঝড় :

শরণখোলা উপজেলা একটি ঘূর্ণিঝড় কবলিত এলাকা। প্রতি বছর ভাদ্র মাস হতে অগ্রহায়ন মাসের মধ্যে ঘূর্ণিঝড় এই এলাকায় আঘাত হানে। যার ফলে এলাকায় কৃষি, মৎস্য, অবকাঠামো ও যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়। গাছপালা নিধন ও সুন্দরবন ধ্বংস করার কারনে ঘূর্ণিঝড় এলাকার বিভিন্ন খাতের ক্ষতিকে আরো তরান্বিত করছে। ধারনা করা হয় যে, বৈশ্বিক উষ্ণতাবৃদ্ধি ঘূর্ণিঝড়ের সংখ্যা বৃদ্ধি করছে। এলাকায় প্রতিবছর ঘূর্ণিঝড় হলেও ২০০৭ ও ২০০৯ সালের ঘূর্ণিঝড় ছিল সবচেয়ে ব্যাপক। ২০০৭ ও ২০০৯ সালের ঘূর্ণিঝড়ে এলাকার প্রায় ৪০-৫০ ভাগ আমন ধান, ২০ ভাগ ফলের বাগান ও ৯০ ভাগ শাক-শবজি ক্ষতিগ্রস্থ হয়েছিল।



চিত্র-২: ঘুর্নিঝড় ও জলোচ্ছাসের গতি-প্রকৃতি মানচিত্র

লবণাক্ততা :

শরণখোলা উপজেলায় লবণাক্ততা একটি মারাত্মক আপদ। লবণাক্ততার মাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। পৌষ মাস থেকে জৈষ্ঠ্য মাস পর্যন্ত লবণাক্ততার মাত্রা ব্যাপক থাকে। বর্ষার সাথে সাথে লবণাক্ততার মাত্রা ধীরে ধীরে কমতে থাকে। শুষ্ক মৌসুমে লবণাক্ততা কৃষিক্ষেত্রে ব্যাপক ক্ষতি সাধন করে থাকে। লবণাক্ততা বৃদ্ধির ফলে এলাকায় খাবার পানির সংকট দেখা দেয়। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ফলে নদীর পানির লবণাক্ততা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। মূলত: চিংড়ী ঘেরের মালিকেরা চিংড়ী চাষের জন্য এলাকায় লবণাক্ততা অনুপ্রবেশ ঘটাচ্ছে। তাছাড়া পর্যাপ্ত ভেড়িবাঁধ না থাকায় এই সময় এলাকা প্লাবিত হয়ে লবণাক্ততা প্রবেশ ঘটছে। এলাকায় দিন দিন লবণাক্ততা বৃদ্ধির ফলে বোরো ও আউস ধান চাষ করা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। সাথে সাথে ফলদ, বনজ সম্পদ ও খাবার পানির সংকট দেখা দিচ্ছে। এই ধারাবাহিকতা অব্যাহত থাকলে ভবিষ্যতে শুষ্ক মৌসুমে কৃষি ব্যাপক ক্ষতিগ্রস্থ হবে। প্রতি বছর লবনাক্তোতা থাকলেও ২০০৬ সালে তীব্র লবণ অনুভূত হয়।



চিত্র-৩: শরণখোলা উপজেলার লবণাক্ততা অঞ্চলের চিত্র

নদী ভাঙ্গন :

শরণখোলা উপজেলায় প্রতিটি ইউনিয়নে নদীভাঙ্গন পরিলক্ষীত হয়। রায়েন্দা ও খোন্তাকাটা নদী ভাঙন বেশি পরিলক্ষীত হয়। প্রায় প্রতি বছর নদী ভাঙ্গন অব্যাহত থাকে। নদী ভাঙ্গন আষাড় মাস হতে আশ্বিন মাস পর্যন্ত হয়। যার ফলে এলাকার কৃষি ফসল, ঘর-বাড়ি, রাস্তাঘাট, গাছপালা ব্যাপক হারে নদীগর্ভে বিলিন হয়ে গেছে। ফলে খাদ্য উৎপাদন ব্যাহত হয়। মানুষ আশ্রয়হীণ হয় এবং পরিবেশের ক্ষতি হয়। সরকারি ভাবে নদীতে ব্লক দ্বারা বাঁধ দেয়া ও নদীর পাড়ে শিকড় বহুল গাছ লাগানো না হলে ভবিষ্যতে আরো বেশি করে নদী ভাঙ্গন হতে পারে।

জলোচ্ছাস :

শরণখোলা উপজেলার পাশ দিয়ে বয়ে যাওয়া বলেশ্বর ও ভোলা নদীর জোয়ারের পানি এলাকাতে বন্যা ঘটায়। বন্যা এখানে কৃষি, মৎস্য ও অন্যান্য জীবিকার মারাত্মক ক্ষতি সাধন করে থাকে। জলোচ্ছাসের সময় লবণ পানি অনুপ্রবেশ করার ফলে ফসলের মারাত্মক ক্ষতি সাধিত হয়। প্রতি বছর জলোচ্ছাস/বন্যা হলেও ১৯৮৮, ২০০৭ ও ২০০৯ সালের জলোচ্ছাস/বন্যা ছিল সবচেয়ে ব্যাপক। তাছাড়া নদীর নাব্যতা হ্রাসের কারণেও এলাকায় জলোচ্ছাস/বন্যার প্রকোপ বৃদ্ধি পাছে।

অনাবৃষ্টি (খরা) :

বৃষ্টিপাতের অনিয়মের কারণে খরা দেখা দেয়। আষাঢ় মাসে বৃষ্টি হবার কথা থাকলেও জলবায়ু পরিবর্তনের ফলে বৃষ্টি দেরিতে আসে এবং বর্ষা মৌসুমেও একটানা অনেক দিন বৃষ্টি না হতে দেখা যায়। তীব্র এই খরার কারণে এলাকায় খাবার পানির সঙ্কট দেখা দেয়। ফলে খাবার পানি অভাব, ও এই দূষিত পানি পান করে অনেকে পানিবাহিত রোগে আক্রান্ত হয়। এছাড়া ঘের ও পুকুরের পানি শুকিয়ে মৎস্য চাষেরও ব্যাপক ক্ষতি সাধন করে। অনাবৃষ্টি এলাকাতে ফলদ ও বনজ গাছেরও ক্ষতি সাধন করে। জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিকর প্রভাব হিসাবে ভবিষ্যতে খরা আরো বেশি করে দেখা দিতে পারে।

চিংড়ী ভাইরাস :

শরনখোলা উপজেলার মানুষের আয়ের অন্যতম প্রধান উৎস চিংড়ী চাষ। কিন্তু চিংড়ী ভাইরাসের কারণে চিংড়ী চাষ মারাত্মক ভাবে ব্যাহত হচ্ছে। যার ফলে চিংড়ী উৎপাদন ব্যাহত হয়ে চাষীরা আর্থিক ভাবে মারাত্মক ক্ষতিগ্রস্থ হচ্ছে। সাথে সাথে চিংড়ী চাষে নিযুক্ত দিনমজুরেরা বেকার হয়ে যাচ্ছে। উল্লেখ্য যে, চিংড়ী ভাইরাস মোড়কে ঘেরের পানি দূষিত হয়ে চাষিদের শরীরের সংস্পর্শে এসে চর্মরোগের সৃষ্টি করে। চিংড়ী ভাইরাস এখনি নির্মুল করা না গেলে আগামী কয়েক বছরের মধ্যে চিংড়ী চাষ সম্পুর্ণ ভাবে বন্ধ হয়ে যেতে পারে।

জলাবদ্ধতা :

অপরিকল্পিত ভাবে ভেড়িবাঁধ দেয়া, প্রয়োজন মতো স্লুইচগেট স্থাপন না করার কারণে ও ড্রেনেজ ব্যবস্থা না থাকায় জলাবদ্ধতা ক্রমান্নয়ে বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও বসতি জমি থেকে নদীর বুক উঁচু হওয়ার কারণে পানি অপসারণ করা কঠিন হয়ে যাচ্ছে। এভাবে চলতে থাকলে ভবিষ্যতে জলাবদ্ধতা বাড়ার সম্বাবনা আরো বেশি। শরণখোলা উপজেলার প্রায় ২৫০০ হেঃ এলাকা বর্ষাকালে জলাবদ্ধতা থাকে এর ফলে কৃষি ব্যাহত হয়।

বন্যা (আকাশ) :

উপজেলার পাশ দিয়ে বয়ে যাওয়া বলেশ্বর ও ভোলা নদীর জোয়ারের পানি এলাকাতে বন্যা ঘটায়। এ ছাড়া অতি বৃষ্টির ফলেও বন্যার সৃষ্টি হয়ে থাকে। পানি নিষ্কাশনের সুব্যবস্থা না থাকায় বন্যা এখানকার জীবন-জীবিকার মারাত্মক ক্ষতি করে থাকে। সঠিকভাবে পানি নিষ্কাশনের ব্যবস্থা ও নদীগুলোর ভেড়িবাঁধ উঁচু ও মজবুত করা না হলে ভবিষ্যতে বন্যা বৃদ্ধি পেতে পারে। প্রতি বছর বন্যা হলেও ২০১৩ সালের অতি বৃষ্টির ফলে সৃষ্ট বন্যা ছিলো লক্ষনীয়।



চিত্র-৪: ১৯৯৮ সালে বন্যা আক্রান্ত অঞ্চলের মানচিত্র

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা:

বিপদাপন্নতা বলতে বোঝায় বস্তুগত, সামাজিক এবং পরিবেশগত বিদ্যমান অবস্থা যা দুর্যোগের ক্ষয়ক্ষতির আশংকার ইঙ্গিত দেয় এবং যা মোকাবেলা করায় জনগোষ্ঠী অসমর্থ হয়ে থাকে। সক্ষমতা হলো প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশ ইত্যাদির সমন্বয়ে সৃষ্ট সামগ্রিক অবস্থা বা প্রক্রিয়া, যা মানুষ বা কোন সংস্থা/প্রতিষ্ঠান তার বিদ্যমান সম্পদের ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকুল অবস্থার সর্বোচ্চ মোকাবিলা করে এবং দুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করে। কোন কোন এলাকা কি কি কারণে কিভাবে বিপদাপন্ন তা সংক্ষিপ্ত ভাবে নিম্নে দেখানো হল :

ক্রম	আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
১	ঘূর্ণিঝড়	• দুর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসত ভিটা হওয়ায় ঘূর্ণিঝড়ে ক্ষতি হয় • বসত-বাড়ির চারপাশে ঝোপ-ঝাড় জাতীয় গাছপালা না থাকা এবং বড় বৃক্ষ থাকায় ঘূর্ণিঝড়ে গাছ ক্ষতিগ্রস্থ হয়ে বসত-বাড়ি নষ্ট করে দেয়। • উপকুলের কাছে উপজেলার অবস্থান থাকায় ঘূর্ণিঝড়ে বসত-বাড়ি, কৃষি, মৎস্য, খাবার পানি, গাছপালা, অবকাঠামো ক্ষতিগ্রস্থ হয়। • দুর্বল স্যানিটেশন (কাঁচা) থাকার ফলে ঘূর্ণিঝড়ে তা ক্ষতিগ্রস্থ হয়। • পশু-পাখির ঘূর্ণিঝড় সহনশীল আবাসস্থল না থাকায় ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ হয়। • পর্যাপ্ত আশ্রয়কেন্দ্র না থাকায় ঘূর্ণিঝড়ে জীবন নাশ হয়। • পর্যাপ্ত কিল্লা না থাকায় ঘূর্ণিঝড়ের সময় পশুপাখি ক্ষতিগ্রস্থ হয়। • ঘূর্ণিঝড়ে নারী, শিশু ও প্রতিবন্ধীরা বেশি ক্ষতিগ্রস্থ হয়।	• ঘর-বাড়ি গুলো ঘূর্ণিঝড় সহনশীল করার সুযোগ রয়েছে। • বসত বাড়ির চারপাশে ঘূর্ণিঝড়ের প্রবল বাতাস প্রতিরোধ করার জন্য ঝোপ-ঝাড় বিশিষ্ট বনজ/ফলদ গাছ লাগানোর সুযোগ রয়েছে। • নদী বেষ্টিত বাঁধগুলো ব্লক ফেলে মজবুত করার সুযোগ রয়েছে এবং বাঁধের ও রাস্তার দু- পাশে গাছ লাগানোর সুযোগ রয়েছে। • স্যানিটেশন মজবুত করার সুযোগ রয়েছে। • আশ্রয়কেন্দ্র ও কিল্লা নির্মানের জন্য খাস জমি রয়েছে। • পশুদের (গরু, ছাগল, মহিষ, ভেড়া) জন্য মজবুত আবাসস্থল নির্মাণ করার সুযোগ রয়েছে। • শরণখোলা উপজেলায় ইউনিয়ন ভিত্তিক দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও স্বেচ্ছাসেবক দল রয়েছে।
২	লবণাক্ততা	• লবণ পানি অনুপ্রবেশের ফলে ফসলের ব্যাপক ক্ষতি হয়। কারণ স্থানীয় ফসলের জাত লবণ সহ্য করতে পারে না। • শুষ্ক মৌসুমে লবণাক্ততার ফলে খাবার পানির অভাব দেখা দেয়। • অপরিকল্পিত চিংড়ী ঘের করায় এলাকার সার্বিক কৃষি উৎপাদন ব্যাহত হচ্ছে। • হঠাৎ লবণাক্ততা বৃদ্ধির ফলে প্রাকৃতিক মাছ ক্ষতিগ্রস্থ হচ্ছে। • পশু- পাখির খাবারের সংকট সৃষ্টি হচ্ছে। • লবণাক্ততার ফলে স্বাস্থ্যের ও ত্বকের ক্ষতি হয় ও নানাবিধ রোগ ব্যধী সৃষ্টি হয়।	• লবণ সহনশীল ফসলের চাল করার সুযোগ রয়েছে। • লবণাক্ততা ও পতিত জমিতে গবাদিপশুর জন্য ঘাষ উৎপাদনের সুযোগ রয়েছে। • খাবার পানির জন্য পুকুর পুনঃখনন করার সুযোগ রয়েছে। কমিউনিটি ভিত্তিক খাবার পানির উৎসের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে। • চিংড়ী চাষীদের একত্রীকরণ করার সুযোগ রয়েছে। সাথে সাথে পরিকল্পিত চিংড়ী চাষে উদ্বুদ্ধ করার সুযোগ রয়েছে। • ইউনিয়ন ভিত্তিক কমিউনিটি ক্লিনিক ও উপজেলা ভিত্তিক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। • ভেড়ি- বাঁধ নির্মাণ ও মজবুত করার সুযোগ রয়েছে। • চর ও বসত- বাড়ির কর্দমাক্ত এলাকায় ফলদ ও বনজ বৃক্ষ রোপন করার সুযোগ রয়েছে। • পশুসম্পদ সাব সেন্টার ও তহবিল রয়েছে।
৩	চিংড়ী ভাইরাস	• শতকরা ৫০% পোনা ভাইরাস যুক্ত। যার ফলে চিংড়ী ভাইরাস ঘেরে বৃদ্ধির সাথে সাথে চিংড়ীর সাথে জড়িত জীবিকা ক্ষতিগ্রস্থ হচ্ছে।	• উপজেলা পর্যায়ে দক্ষ মৎস্য কর্মকর্তা ও এনজিও কর্মকর্তা রয়েছে। যারা চিংড়ী ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি করছে।

ক্রম	আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
			যার ফলে এলাকার মানুষের সচেতনতা বৃদ্ধি পাচ্ছে। ● চিংড়ীর পুষ্টি নিশ্চিত করার জন্য সুষম খাদ্য প্রস্তুত করার জন্য এলাকায় "ফিস ফিড ফ্যাক্টরী" করার সুযোগ রয়েছে।
৪	নদী ভাঙ্গান	● নদী ভাঙ্গানের ফলে জনগন সর্বশান্ত হয়। ● কৃষি, ঘর- বাড়ি, রাস্তা- ঘাট, গাছপালা অনেকাংশে নদীগর্ভে বিলিন হয়ে যায়। ● দুর্বল ভেড়িবাঁধ ● নদীর ধারে ব্যাপক বনায়ন না থাকা ● শরণখোলা পর্যাপ্ত বাঁধ না থাকা। যে টুকু ভেড়ি-বাঁধ রয়েছে তা প্রায় বিভিন্ন অংশে ভাঙ্গা।	● নদীর তীরে ব্যাপক ভাবে বাঁশ (শীকড় বিস্তৃত) জাতীয় গাছ লাগানোর সুযোগ রয়েছে। যা আকড়ে ধরতে সাহায্য করবে। ● বাঁধ/রাস্তার দু-ধারে বৃক্ষ রোপন করার সুযোগ রয়েছে। ● নদী ভাঙ্গান রোধে নদীর ধারে বাঁধের সাথে ব্লক নির্মাণ করার সুযোগ রয়েছে। ● দুঃস্থ মানুষদের নদীর ধারে খাস জমিতে স্থানান্তর করার সুযোগ রয়েছে।
৫	বন্যা	● নদী ও খালের নাব্যতা না থাকা ● চাহিদার তুলনায় কম ও দূর্বল বেড়ীবাঁধ ● বাঁধের দু-ধারে গাছ লাগানো না থাকায়	● নদী ও খালের নাব্যতা বৃদ্ধির জন্য ড্রেজিং মেশিন রয়েছে ● বাঁধের দু-ধারে গাছ লাগানো ও মেরামত করে বেড়ীবাঁধ মজবুত করার যায় ● নেতুন বেড়ীবাঁধ করার জন্য জায়গা রয়েছে
৬	অতি বৃষ্টি	● এলাকা নীচু থাকা ● পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকা ● স্লুইজগেট না থাকা	● ড্রেজিং এর মাধ্যমে এলাকা উঁচু করার সুযোগ রয়েছে ● স্লুইজগেট করা সুযোগ রয়েছে।
৭	অনাবৃষ্টি (খরা)	● এলাকায় পর্যাপ্ত সংখ্যক গাছপালা না থাকায়	● লবণ সহনশীল গাছপারা লাগানোর সুযোগ রয়েছে
৮	জলোচ্ছাস	● সমুদ্র উপকুলবর্তী এলাকা হওয়ায় সহজে জোয়ারের পানি প্রবেশ করে ফসলসহ নানাবিধ ক্ষতি হয়। ● চাহিদার তুলনায় কম ও দূর্বল ভেড়িবাঁধ	● ফসলী জমি বাড়ি ঘরের আশে পাশে, রাস্তা ও খালসমূহের দুই পাশে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ রয়েছে; ● অমাবশ্যা, পূর্ণিমার সময় স্বাভাবিক জোয়ারে পানি উঠার আগে স্থানীয় জনগণ পার্শবতী গ্রামে চলে যায় ও উঁচু জায়গায় আশ্রয় নেয়;
৯	জলাবদ্ধতা	● অপরিকল্পিত চিংড়ী ঘের ● এলাকা নীচু থাকা ● ভেড়িবাধে স্লুইজগেট না থাকা ● পানি নিস্কাষনের ব্যবস্থা না থাকা ● জলাবদ্ধতায় খাপ খাওয়ানো ফসল না থাকা	● ড্রেজিং এর মাধ্যমে এলাকা উঁচু করার সুযোগ রয়েছে ● স্লুইচগেট মেরামত ও ব্যবস্থাপনা এবংনতুন স্লুইচগেট করা। ● নদী ও খাল খনন করে পানি নিষ্কাশনের ব্যবস্থার উন্নত করা।

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা :

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নতার কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
ঘূর্ণিঝড়	**সাউথখালী** ইউনিয়নের সব ওয়ার্ড **রায়েন্দা** ইউনিয়নের সব ওয়ার্ড **খোন্তাকাটা** ইউনিয়নের সব ওয়ার্ড **ধানসাগর** ইউনিয়নের সব ওয়ার্ড	● উপকূলীয় উপজেলা। ● দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা ● টর্নেডো/ ঘূর্ণিঝড় সহনীয় স্থাপনা নির্মাণ না করা	প্রায় ২০০০০ পরিবার

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নতার কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
		• অবৈধভাবে অবাধে গাছ নিধন • পশুপাখি দের জন্য কিল্লা না থাকা।	
লবণাক্ততা	**সাউথখালী** ইউনিয়নের ১, ৯ ওয়ার্ড **রায়েন্দা** ইউনিয়নের ১, ২, ৩, ৪, ৭ ওয়ার্ড **খোন্তাকাটা** ইউনিয়নের সব ওয়ার্ডে **ধানসাগর** ইউনিয়নের সব ওয়ার্ডে	• সমুদ্র উপকুলবর্তী এলাকা • খাস জমি অবৈধ দখল নিয়ে চিংড়ী ঘের নির্মাণ করা • চিংড়ী চাষের জন্য লবণ পানি জমিয়ে রাখা • লবণ সহনশীল কৃষি না থাকা। • মিষ্টি পানির উৎসের অভাব।	প্রায় ১৩০০০ পরিবার
চিংড়ী ভাইরাস	**সাউথখালী** ইউনিয়নের সব ওয়ার্ড **রায়েন্দা** ইউনিয়নের ১, ২, ৩, ৪ ওয়ার্ড **খোন্তাকাটা** ইউনিয়নের সব ওয়ার্ডে **ধানসাগর** ইউনিয়নের সব ওয়ার্ডে	• বাগদা ঘেরের সংখ্যা দিন দিন বৃদ্ধি • ভাইরাস মুক্ত চিংড়ী পোনার সরবরাহ না থাকা ও মৎস্য চাষীদের সঠিক প্রশিক্ষণের অভাব। • স্থানীয় পর্যায়ে চিংড়ী / মৎস্য গবেষণা কেন্দ্র না থাকা।	প্রায় ১০০০০ পরিবার
নদী ভাঙ্গন	**সাউথখালী** ইউনিয়নের ৪, ৫, ৬, ৭ ওয়ার্ড **রায়েন্দা** ইউনিয়নের ৫, ৮, ৯ ওয়ার্ড **খোন্তাকাটা** ইউনিয়নের ৪, ৫, ৬ ওয়ার্ড **ধানসাগর** ইউনিয়নের সব ওয়ার্ড	• নদীর কাছাকাছি ও নীচু এলাকায় বাড়িঘরসহ বিভিন্ন স্থাপনা নির্মাণ • বাড়িঘরসহ বিভিন্ন স্থাপনার কাঠামো দুর্বল • বাঁধের পাশে ঘাস না থাকা। • দুর্বল বাঁধ ভেঙ্গে যাওয়া	প্রায় ২০০০ পরিবার
জলোচ্ছাস	**সাউথখালী** ইউনিয়নের সব ওয়ার্ড **রায়েন্দা** ইউনিয়নের সব ওয়ার্ড **খোন্তাকাটা** ইউনিয়নের সব ওয়ার্ড **ধানসাগর** ইউনিয়নের সব ওয়ার্ড	• উপকুলীয় উপজেলা • বাড়ি ঘর ও বিভিন্ন প্রতিষ্ঠানের অবকাঠামো দুর্বল ও অপরিকল্পিত • তুলনামূলক নীচু এলাকায় বাড়ি ঘর ও বিভিন্ন প্রতিষ্ঠান নির্মাণ	প্রায় ৮০০০ পরিবার
বন্যা	**সাউথখালী** ইউনিয়নের সব ওয়ার্ড **রায়েন্দা** ইউনিয়নের সব ওয়ার্ড **খোন্তাকাটা** ইউনিয়নের সব ওয়ার্ড **ধানসাগর** ইউনিয়নের সবওয়ার্ডে	• নীচু এলাকায় বাড়ি ঘরসহ বিভিন্ন স্থাপনা নির্মাণ ও টিউবওয়েল বসানো • এলাকাতে জলাবদ্ধতা • অতিবৃষ্টি ও জোয়ারের পানি বৃদ্ধি • অবৈধভাবে অবাধে চিংড়ী চাষ করা • স্লুইচগেট না থাকা	প্রায় ৫০০০ পরিবার
জলাবদ্ধতা	**সাউথখালী** ইউনিয়নের ৪, ৫, ৬, ৭ ওয়ার্ড **রায়েন্দা** ইউনিয়নের ৫, ৬, ৮, ৯ ওয়ার্ড **খোন্তাকাটা** ইউনিয়নের সব ওয়ার্ডে **ধানসাগর** ইউনিয়নের সব ওয়ার্ডে	• এলাকা নীচু হওয়া • অপরিকল্পিত চিংড়ী ঘের করা। • নদীর তলদেশ উঁচু হওয়া • পানি নিষ্কাশনের সু ব্যবস্থা না থাকা। • নীচু এলাকায় বাড়ি ঘরসহ বিভিন্ন স্থাপনা নির্মাণ ও টিউবওয়েল বসানো • অবৈধভাবে অবাধে চিংড়ী চাষ করা	প্রায় ৬০০০ পরিবার
অনাবৃষ্টি (খরা)	**সাউথখালী** ইউনিয়নের সব ওয়ার্ড **রায়েন্দা** ইউনিয়নের সব ওয়ার্ড **খোন্তাকাটা** ইউনিয়নের সব ওয়ার্ডে **ধানসাগর** ইউনিয়নের সব ওয়ার্ড	• এলাকায় পর্যাপ্ত সংখ্যক গাছপালা না থাকায় • জলবায়ু পরিবর্তনের কারণে	প্রায় ৫০০০ পরিবার

২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমূহ :

প্রধান খাত সমূহ	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়
কৃষি	• শরণখোলা উপজেলাতে লবণাক্ততার কারণে ১০৬৭১ হেঃ জমির মধ্যে ৯৪৯৪ হেঃ জমির (আমনধান, রবিশস্য, কুল, পেয়ারা, শাক- সবজী) ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। • উপজেলাতে ঘূর্ণিঝড় হলে কিংবা ২০০৭ সালে সিডরের মত আঘাত হানলে ১০৬৭১ হেঃ জমির মধ্যে ৯৪৯৪ হেঃ জমির (আমনধান, রবিশস্য, কুল, পেয়ারা, শাক- সবজী) ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। • উপজেলাতে জলোচ্ছাসের কারণে ১০৬৭১ হেঃ জমির মধ্যে ৯৪৯৪ হেঃ জমির (আমন ধান, রবি শস্য, কুল, পেয়ারা, শাক- সবজী) ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। • উপজেলাতে জলাবদ্ধতার কারণে ১০৬৭১ হেঃ ফসলি জমির মধ্যে ৯৪৯৪ হেঃ জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। • উপজেলাতে ১৯৮৮ সালের মত বন্যা হলে মোট ১০৬৭১ হেঃ ফসলি জমির মধ্যে ৯৪৯৪ হেঃ জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে।	• লবণ সহিষ্ণু ধানের জাত সম্প্রসারণ (বোরো, আমন, আউস) • গম, পাটের লবণ সহনশীল জাত সরবরাহ • আমন ধানের চারা উৎপাদনে বৃষ্টির পানি ব্যবহার করা • জমিতে জৈব সার ব্যবহার করা • ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের পূর্বে খাড়া ধান গাছ (পাকা) মাটির সাথে চাপা দেওয়া • ভেড়িবাঁধ শক্ত ও মজবুত করা ও পানি নিষ্কাশন ব্যবস্থা (ড্রেন) উন্নয়ন করা • খাল খনন ও সেচ ব্যবস্থা নিশ্চিত করা
মৎস্য সম্পদ	• শরণখোলা উপজেলাতে লবণাক্ততার কারণে মোট ১০৬৭১ হেঃ জমির মধ্যে ছোটবড়- ৯৭৮৬ টি মৎস্য ঘেরে আনুমানিক মোট ৯৪৯৪ হেঃ জমির সাদা মাছ, গলদা ও কাঁকড়ার চাষ ব্যাহত হতে পারে। এছাড়াও এলাকার স্থানীয় প্রাকৃতিক মাছের বিলুপ্তি ঘটতে পারে। • শরণখোলা উপজেলাতে ঘূর্ণিঝড়ের কারণে মোট ১০৬৭১ হেঃ জমির মধ্যে ছোটবড়- ৯৭৮৬ টি মৎস্য ঘেরে আনুমানিক মোট ৯৪৯৪ হেঃ জমির সাদা মাছ, বাগদা, গলদা ও কাঁকড়া চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। • শরণখোলা উপজেলাতে জলোচ্ছাসের কারণে মোট ১০৬৭১ হেঃ জমির মধ্যে ছোটবড়- ৯৭৮৬ টি মৎস্য ঘেরে আনুমানিক মোট ৯৪৯৪ হেঃ জমির সাদা মাছ, বাগদা, গলদা ও কাঁকড়া চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। • শরণখোলা উপজেলাতে চিংড়ী ভাইরাসের কারণে মোট ১০৬৭১ হেঃ জমির মধ্যে ছোটবড়- ৯৭৮৬ টি মৎস্য ঘেরে আনুমানিক মোট ২৭০ হেঃ বাগদা ও গলদা চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। এছাড়াও প্রাকৃতিক মাছ ভাইরাসে আক্রান্ত হয়ে মাছের বিস্তার রোধ হতে পারে।	• ঘেরের পাড় মজবুত করা • বাঁধ মেরামত ও নির্মাণ করা • টেকশই ঘের প্রস্তুত করার জন্য সচেতনতা বৃদ্ধি করা • মৎস্যচাষীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা • টেকশই ঘের প্রস্তুত করা • প্রতিবছর ঘের সেচ দিয়ে কাঁদা কালো হলে ব্লিচিং পাউডার প্রয়োগ • ঘেরের বাঁধ উঁচু করা • ৩ স্তর বিশিষ্ট মৎস্য চাষ করা • বন্যা/জলোচ্ছাসের সময় ঘের জালবেষ্টিত রাখা • ক্ষতিগ্রস্থ দরিদ্র মৎস্যচাষীদের জন্য সহায়তা প্রদান করা • মাছের বাজার উন্নতকরণ
